

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
আইডিএ-৫ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি


অদ্য ০৬ আগস্ট, ২০১৭ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় চট্টগ্রাম ওয়াসা কর্তৃক "চট্টগ্রাম পানি সরবরাহ উন্নয়ন ও স্যানিটেশন প্রকল্প" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে ৪৭.৪৯ (সাতচল্লিশ দশমিক চার নয়) মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত ঋণ সহায়তার একটি চুক্তি শের-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ-এর এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব মির্জা মাহমুদা বেগম এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের অপারেশন ম্যানেজার Ms. Rajashree S. Paralkar ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এ প্রকল্পের আওতায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করা হবেঃ

২০৩০ সনের পরিবর্তে ২০৩৫ সন পর্যন্ত পানির চাহিদা পূরণের লক্ষ্যে পানি সরবরাহের নেটওয়ার্ক বৃদ্ধি করা; পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়নের জন্য বুন্টার পাম্প স্টেশনের উন্নয়ন; চট্টগ্রাম শহরের দক্ষিণ পার্শ্বের পানি সরবরাহ লাইনের দিক পুনঃনির্ধারণ এবং বিনিময় হার পরিবর্তনজনিত ঘাটতি পূরণ।

বিশ্বব্যাংককে ঋণের Disbursed Amount এর ওপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে। Undisbursed Amount-এর ওপর ০.৫০% হারে Commitment Fee প্রদান করতে হয় তবে, বিশ্বব্যাংক বিগত কয়েক বছর ধরে Commitment Fee স্থগিত রেখেছে। এ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের Grace Period সহ ৩৮ (আটত্রিশ) বছরে পরিশোধ করতে হবে। প্রকল্পটি মার্চ ২০২০ এর মধ্যে বাস্তবায়িত হবে।


M. Fahim
04.8.17

(মোহাম্মদ খালেদ-উর-রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯১৪৫৪৬২